

# মেরিট-ডিমেরিট পয়েন্ট ভিত্তিক মূল্যায়ন পদ্ধতি

“মেরিট-ডিমেরিট পয়েন্ট ভিত্তিক শিক্ষার্থী মূল্যায়ন পদ্ধতি”-এর মূল বিষয় হচ্ছে একজন শিক্ষার্থীর প্রত্যেকটি ইতিবাচক কাজের জন্য পয়েন্ট নির্ধারন করে তা সংরক্ষণ করা হবে। এই পয়েন্টের নাম দেয়া হবে মেরিট পয়েন্ট (Merit Point)। প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত মেরিট পয়েন্ট তার পূর্বের মোট মেরিট পয়েন্টের সাথে যোগ হবে।

অনুরূপভাবে একজন শিক্ষার্থীর প্রত্যেক নেতিবাচক কাজের জন্যও পয়েন্ট নির্ধারন করে তা তার নামে সংরক্ষণ করা হবে। এই পয়েন্টের নাম হবে ডিমেরিট পয়েন্ট (Demerit Point)। একজন শিক্ষার্থীর প্রত্যেক নেতিবাচক কাজের জন্য অর্জিত ডিমেরিট পয়েন্ট তার পূর্বের মোট ডেমেরিট পয়েন্টের সাথে যোগ হবে।

## চূড়ান্ত মেরিট পয়েন্ট

একজন শিক্ষার্থীর ডিমেরিট পয়েন্ট থেকে মেরিট পয়েন্ট বেশি হলে মোট মেরিট পয়েন্ট থেকে ডিমেরিট পয়েন্ট বিয়োগ করে তার চূড়ান্ত মেরিট পয়েন্ট নির্ধারণ করা হবে। যেমন- একজন শিক্ষার্থীর মোট মেরিট পয়েন্ট ৯০ আর একই সময় তার ডিমেরিট পয়েন্ট ৫০ হলে তার চূড়ান্ত মেরিট পয়েন্ট হবে (৯০-৫০) বা ৪০। এভাবে বছর শেষে সব চেয়ে বেশি সংখ্যক মেরিট পয়েন্ট অর্জনকারী শিক্ষার্থীদের মধ্য থেকে একটি অংশকে পুরস্কৃত করা হবে। পুরস্কার অবশ্যই মূল্যবান ও আকর্ষণীয় হবে। প্রয়োজনে পুরস্কারের অর্থ স্বল্প পরিমাণে শিক্ষার্থীদের কাছ থেকে নেয়া হবে।

## চূড়ান্ত ডিমেরিট পয়েন্টঃ

অনুরূপভাবে একজন শিক্ষার্থীর মোট মেরিট পয়েন্ট থেকে ডিমেরিট পয়েন্ট বেশি হলে তার মোট ডিমেরিট পয়েন্ট থেকে মেরিট পয়েন্ট বিয়োগ করে তার চূড়ান্ত ডিমেরিট পয়েন্ট নির্ধারণ করা হবে। যেমন- একজন শিক্ষার্থীর ডিমেরিট পয়েন্ট ১০০ হলে এবং মেরিট পয়েন্ট ৩০ হলে তার চূড়ান্ত ডিমেরিট পয়েন্ট হবে (১০০-৩০) বা ৭০। একজন শিক্ষার্থীর চূড়ান্ত ডিমেরিট পয়েন্ট যখনই ১০০ হবে তখনই তাকে টি.সি দেয়া হবে (এক্ষেত্রে কোন ভাবেই ছাড় দেয়া হবেনা)। তার ডিমেরিট পয়েন্ট ৫০ অতিক্রম করার পর তার গাইড শিক্ষক তাকে ও তার অভিভাবককে সতর্ক করবেন। এরপর তার ডিমেরিট পয়েন্ট ৭৫ হলে গাইড শিক্ষক তার অভিভাবককে কলেজে ডেকে এনে চূড়ান্তভাবে সতর্ক করবেন এবং অভিভাবককে জানিয়ে দেয়া হবে যে এই ডিমেরিট পয়েন্ট ১০০ হলে তাকে টি.সি দেয়া হবে।

সম্মানিত অভিভাবক ও শিক্ষার্থীদের অবগতির জন্য নিচে ইতিবাচক কাজের তালিকা ও মেরিট পয়েন্ট এবং নেতিবাচক কাজ ও ডিমেরিট পয়েন্টের তালিকা তুলে ধরা হলো-

## ইতিবাচক কাজ ও মেরিট পয়েন্ট-এর তালিকা

SL	ইতিবাচক কাজ	মেরিট পয়েন্ট
১	ক্লাসে মাসে উপস্থিতি ৭০% থেকে ৮০% হলে	৫
২	ক্লাসে মাসে উপস্থিতি ৮০% থেকে ৯০% হলে	১০
৩	ক্লাসে মাসে উপস্থিতি ৯০% এর উপরে হলে	১৫
৪	হোমওয়ার্ক আদায়, ক্লাস পারফরমেন্স, শ্রেণি পরীক্ষার পারফরমেন্স ইত্যাদির জন্য মাসিক প্রত্যেক শিক্ষকের হাতে থাকবে (ঐচ্ছিক)	১০
৪	মাসিক পরীক্ষায় সব বিষয় পাস করলে	১০
৫	ধারাবাহিক মূল্যায়ন পরীক্ষায় সব বিষয় পাস করলে	২০
৬	অর্ধ-বার্ষিক, ১ম বর্ষ ফাইনাল এবং প্রাক-নির্বাচনী পরীক্ষায় সব বিষয় পাস করলে	৪০
৭	নির্বাচনী পরীক্ষায় সব বিষয় পাস করলে	৬০
৮	পরীক্ষার পূর্বে যাবতীয় বকেয়া পরিশোধ করে প্রবেশ পত্র নিয়ে পরীক্ষার অংশ গ্রহণ করতে পারলে	১০
৯	বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ নিলে (প্রত্যেক ইভেন্টের জন্য)	৫
১০	বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ নিয়ে পুরস্কার পেলে (প্রত্যেক ইভেন্টের জন্য)	১০
১১০	কলেজ আঞ্জিনায় বৃক্ষরোপণ	৫

## নেতিবাচক কাজ ও ডিমেরিট পয়েন্টের তালিকা

SL	নেতিবাচক কাজসমূহ	পয়েন্ট
১	ক্লাসে মাসে উপস্থিতি ৫০% এর নিচে হলে	১০
২	ক্লাসে মাসে উপস্থিতি ৫০% থেকে ৭০% হলে	৫
৩	হোমওয়ার্ক আদায়, ক্লাস পারফরমেন্স, শ্রেণি পরীক্ষার পারফরমেন্স ইত্যাদি ক্ষেত্রে ব্যর্থতার জন্য মাসিক প্রত্যেক শিক্ষকের হাতে থাকবে ( ঐচ্ছিক)	১০
৪	অর্ধ-বার্ষিক, ১ম বর্ষ ফাইনাল এবং প্রাক-নির্বাচনী পরীক্ষায় ১ বিষয় ফেল করলে	৫
৫	অর্ধ-বার্ষিক, ১ম বর্ষ ফাইনাল এবং প্রাক-নির্বাচনী পরীক্ষায় ২ বিষয় ফেল করলে	১০
৬	অর্ধ-বার্ষিক, ১ম বর্ষ ফাইনাল এবং প্রাক-নির্বাচনী পরীক্ষায় ২ এর অধিক বিষয় ফেল করলে	১৫
৭	নির্বাচনী পরীক্ষায় ১ বিষয় ফেল করলে	২০
৮	নির্বাচনী পরীক্ষায় ২ বিষয় ফেল করলে	৪০
৯	নির্বাচনী পরীক্ষায় ৩ বিষয় ফেল করলে	৭৫
১০	নির্বাচনী পরীক্ষায় ৩ এর বেশি বিষয় ফেল করলে	১০০
১১	১ম পিরিয়ড শুর হওয়ার পর কলেজে আসলে অর্থাৎ দেরি করে কলেজে আসলে	৫
১২	ক্লাস ফাঁকি দিলে, শিক্ষকের অনুমতি ছাড়া ক্লাসের বাহিরে অবস্থান করলে অথবা ছুটির পূর্বে কলেজ থেকে পালালে	৫
১৩	কলেজে মোবাইল ফোন নিয়ে আসলে ( বিশেষ প্রয়োজনে মোবাইল নিয়ে আসতে বাধ্য হলে যেকোন একজন বিভাগীয় শিক্ষকের কাছে মোবাইল জমা রাখতে হবে)	৫
১৪	কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কলেজ ডেস-কোড অমান্য করলে	৫
১৫	শিক্ষকের সাথে বেয়াদবি করলে (মাত্রা অনুযায়ী)	২০-১০০
১৬	শৃঙ্খলা বহির্ভূত যেকোন কাজ করলে (মাত্রা অনুযায়ী)	১০-১০০

এই মেরিট ও ডিমেরিট পয়েন্ট সফটওয়্যার দ্বারা নিয়ন্ত্রিত ও সংরক্ষিত হবে। সফটওয়্যারে প্রত্যেক শিক্ষার্থীর একাউন্ট থাকবে। সেখানে প্রত্যেক শিক্ষার্থীর প্রোফাইলে তার অর্জিত পয়েন্ট প্রদর্শিত হবে।